



23

**ডাকসু নির্বাচন ১১ ৭৫**  
**জনের মনোনয়নপত্র**  
**প্রত্যাহার**  
 ( বিশ্ববিদ্যালয় রিপোর্টার )  
 গতকাল (সোমবার) ডাকসু  
 নির্বাচনের মনোনয়নপত্র প্রত্যা-  
 হারের শেষ দিনে মোট ৭৫ জন  
 (শেষ পৃ: ১-এর ক: ড:)

**১২ দৈনিক ইত্তেফাক**

**ডাকসু**  
 ( ১ম পৃ: পর )

প্রার্থী মনোনয়নপত্র প্রত্যাহার  
 করিয়াছে। আজ (সোমবার) প্রার্থী-  
 দের প্রাথমিক তালিকা প্রকাশ করা  
 হইবে।

ছাত্র সংগ্রাম পরিষদের একক  
 প্যানেলে নির্বাচনের সিদ্ধান্ত অনু-  
 যায়ী পরিষদের ৬টি ছাত্র সংগঠনের  
 সহিত সমঝোতায় আসা অপর ৭টি  
 ছাত্র সংগঠনের মধ্যে ছাত্রফ্রন্ট ও  
 গণতান্ত্রিক ছাত্র ইউনিয়ন তাহাদের  
 প্রাপ্ত পদের প্রার্থী ছাড়া অন্যান্যের  
 মনোনয়নপত্র প্রত্যাহার করিয়া  
 নিয়াছে বলিয়া জানা যায়।

অপর ৫টি সংগঠনের জোট  
 'রাজা-রানা' পরিষদ গতকাল এক  
 সাংবাদিক সম্মেলনে ডাকসু নির্বা-  
 চনে প্যানেল প্রত্যাহারের ঘোষণা  
 দিয়াছে। বাসদ (মাহবুবুল হক)  
 অফিসে অনুষ্ঠিত এই সাংবাদিক  
 সম্মেলনে বাসদ সমর্থিত ছাত্র লীগ  
 (আ-মো), জাতীয় ছাত্র ইউনিয়ন,  
 নবগঠিত ছাত্র কেন্দ্র, ছাত্র একা  
 ফোরাম ও সমাজবাদী ছাত্র জোটের  
 কেন্দ্রীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।  
 সাংবাদিক সম্মেলনে এক প্রশ্নের  
 জবাবে পরিষদের একক প্যানেলের  
 প্রতি সমর্থন দানের কথা ঘোষণা  
 করা হইলেও প্রচার-প্রচারণায় অংশ  
 নেওয়ার ব্যাপারে স্পষ্ট বক্তব্য প্রদান  
 করা হয় নাই।

ছাত্র সংগ্রাম পরিষদ আজ  
 (সোমবার) সকাল ১০টায় ডাকসু  
 ভবনে এক সাংবাদিক সম্মেলনে  
 নির্বাচনের প্রেক্ষাপটসহ সাংবাদিক  
 বিষয়ে বক্তব্য উপস্থাপন করিবে।